

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
সেচ অনুবিভাগ

প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যপত্র

- ১। প্রকল্পের নাম : আড়িয়াল খাঁ নদীর মিনডারিং বৈশিষ্ট্যের জন্য ভাঙ্গান প্রবণ এলাকা চিহ্নিতকরণ ও গবেষণা এবং সম্ভাব্য টেকসই প্রতিকার ব্যবস্থাপনার জন্য সুপারিশ প্রণয়ন।
- ২। (ক) উদ্যোগী মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়
(খ) বাস্তবায়নকারী সংস্থা : নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর
- ৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় : মোট ৪২.৫১৪০ কোটি টাকা
(কোটি টাকায়)
- ৪। প্রকল্পের অর্থায়ন : সম্পূর্ণ জিওবি
- ৫। প্রকল্পের বাস্তবায়নকাল : জুলাই ২০২৬ হতে জুন ২০২৯ পর্যন্ত।

৬। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	কাজের নাম
ঢাকা	ফরিদপুর	আড়িয়াল খাঁ নদীর মিনডারিং বৈশিষ্ট্যের জন্য ভাঙ্গান প্রবণ এলাকা চিহ্নিতকরণ ও গবেষণা এবং সম্ভাব্য টেকসই প্রতিকার ব্যবস্থাপনার জন্য সুপারিশ প্রণয়ন।
	মানারীপুর	

- ৭। ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ : প্রকল্পটি ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে (এডিপি পৃষ্ঠা নং-৫০৫, ক্রমিক নং-৪৩০)।

৮। প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:

- আড়িয়াল খাঁ নদীর মিনডারিং বৈশিষ্ট্যের জন্য নদী ভাঙ্গনের প্রভাব নির্ণয় ও ভাঙ্গান প্রবণ এলাকা চিহ্নিতকরণ ও গবেষণা এবং সম্ভাব্য টেকসই প্রতিকার ব্যবস্থাপনার জন্য সুপারিশ প্রণয়ন;
- নদী গবেষণা ইনস্টিটিউট এর অভ্যন্তরীণ রাস্তার সংস্কার কাজ ও ২০০ মিঃ নতুন রাস্তা নির্মাণ ও কর্মসহায়ক যাতায়াত নিশ্চিতকরণ;
- আধুনিক যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে রিসার্চ কাজের ফলাফল ও টেস্টিং এর স্ট্যান্ডার্ড মান নিশ্চিতকরণ;